



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৮৬৫.২৪.১২- ৫৮৮

তারিখঃ ২৪/০৮/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ ০৩ (তিন) দিন মেয়াদী আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় চলতি ২০১৭-১৮ অর্থ বছরে সুফলভোগীদের বিভিন্ন ট্রেডে ৩ দিন মেয়াদী আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের জন্য পূর্বের বিভাজন অনুযায়ী ০২ টি ব্যাচের অর্থ ছাড় করা হয়েছে। বরাদ্দকৃত অর্থে আপনার উপজেলায় প্রচলিত ট্রেড ব্যতীত যে সকল বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হলে সুফলভোগীদের প্রশিক্ষণলব্ধ জ্ঞানের মাধ্যমে আয়বর্ধনমূলক/উৎপাদনমুখী কর্মকাণ্ডে নিয়োজিত হওয়ার সুযোগ সৃষ্টি হবে সে সকল বিষয়ে প্রশিক্ষণ প্রদানের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। এক্ষেত্রে অবশ্যই রিসোর্স পারসন হিসেবে সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃতি প্রাপ্ত/দক্ষ জনবলের মাধ্যমে প্রশিক্ষণ কোর্সসমূহ পরিচালনা করতে হবে। প্রয়োজনে জাতি গঠনমূলক সংস্থায় কর্মরত দক্ষ কর্মকর্তাকে অন্তর্ভুক্ত করা যাবে।

২। প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষণের স্থিরচিত্র ধারণ করে সংরক্ষণ করতে হবে। প্রশিক্ষণে অংশগ্রহণকারী ৩০ জন সদস্যের ছবি এমনভাবে উঠাতে হবে যেন সকল সদস্যকে পরবর্তীতে চিহ্নিত করা যায় (প্রশিক্ষার্থীদের কিছু সদস্যদেরকে চেয়ারে বসিয়ে এবং অবশিষ্ট সদস্যদের দাঁড় করিয়ে ব্যানারসহ ছবি উঠাতে হবে)। প্রশিক্ষণের সকল ছবির সফটকপি উপজেলা পর্যায়ে কম্পিউটারে সংরক্ষণ এবং প্রকল্প দপ্তরে e-mail এর মাধ্যমে প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ মাহমুদ আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং: ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা.....জেলা.....।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপপ্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
- ২। উপপরিচালক, বিআরডিবি,.....জেলা।
- ৩। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি,.....উপজেলা,.....জেলা।
- ৪। প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৫। অফিস কপি।